গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং ঃ ০৫.৪৫.৬১৫২.০০৩.০২.০০১.২০-৯৪০৩

তারিখ ২৪ অগ্রহায়ণ ১৪২৭ / ০৮ ডিসেম্বর ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন (এস,আর ও নং-৮৯- আইন/২০১৫, তারিখ- ৪ মে. ২০১৫) এবং সংশোধিত প্রজ্ঞাপন (এস,আর ও নং-৩৩৬- আইন/২০১৬, তারিখ- ১৫ নভেম্বর. ২০১৬) অনুযায়ী ময়মনসিংহ সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে সংশ্লিষ্ট ওয়ার্ডে মহল্লাদারদের শূণ্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্ব- স্ব ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) পুরুষ/ মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়ন | পদের নাম | ওয়ার্ড নং | পদ সংখ্যা | বয়স | বেতন (মাসিক) | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| ০১ | অষ্টধার | মহল্লাদার | ১, ৪,৬,৭,৯ | ০৫ জন | ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য | সরকারি অংশ ৩,২৫০ টাকা, ইউপি অংশ- ৩,২৫০ টাকা<br>সর্বমোট- ৬,৫০০ টাকা। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা -৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ -৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারিত), সর্বনিম্ন ওজন- ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা- ৫ ফুট, বুকের মাপ -২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারিত), সর্বনিম্ন ওজন- ৫০ কেজি। |
| | কুষ্টিয়া | | ১,৮ | ০২জন | | | | |
| | বোররচর | | ২,৩,৯ | ০৩ জন | | | | |
| | পরানগঞ্জ | | ২,৬ | ০২ জন | | | | |
| | সিরতা | | ২,৪,৯ | ০৩ জন | | | | |
| | দাপুনিয়া | | ৩ | ০১ জন | | | | |
| | ঘাগড়া | | ৩,৯ | ০২ জন | | | | |
| | | | মোট ঃ | ১৮ জন | | | | |

## শর্তাবলী:

০১। মহল্লাদার পদের প্রার্থিকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স **(০৮ ডিসেম্বর ২০২০ তারিখে বয়স)**, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা(যদি থাকে), ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করে দাখিল করতে হবে। **'আবেদন ফরম'** ময়মনসিংহ সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের হেল্প ডেস্ক শাখা হতে সংগ্রহ করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনসনদের সত্যায়িত কপি।

(গ) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি যা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

(চ) যেকোন তফসিল ভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ বরাবর **মহল্লাদার পদের জন্য ৩০০/-(তিনশত) টাকার** অফেরত যোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ছ) মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ দাখিল করতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভূক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভূক্ত হতে না পারলে তার চাকরি বাতিল বলে গণ্য হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(জ) অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি।

০৪। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ টাকার ডাক টিকিটযুক্ত ১০/৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম, নিজ ইউনিয়ন ও ওয়ার্ডের নাম উল্লেখ করতে হবে।

০৫। ছবি ও সনদ পত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

০৬। আগামী ১০-০১-২০২১ খ্রিস্টাব্দ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি/ হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় এবং আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, কোন ধরনের সুপারিশকৃত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।

১০। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদার এর পুত্র, কণ্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

08/12/2020

উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
ই-মেইল unomymensinghsadar@mopa.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৫.৬১৫২.০০৩.০২.০০১.২০- ১৪০০/১(৫০)

তারিখ ২৪ অগ্রহায়ণ ১৪২৭ / ০৮ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে :

১। উপজেলা ..................................অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
২। অফিসার ইনচার্জ, কোতোয়ালী থানা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
৪। চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়াসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫। সম্পাদক,----------------, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ১২/১২/২০২০ খ্রি. তারিখে স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ......................................ইউনিয়ন ভূমি অফিস, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে দেয়াসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। নোটিশ বোর্ড/ অফিস কপি।

08/12/2020

উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
unomymensinghsadar@mopa.gov.bd